

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭২৩

আগরতলা, ৭ জুলাই, ২০২৪

আইএমএ'র ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে রক্তদান শিবির  
সামাজিক কাজেও চিকিৎসকদের ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী

চিকিৎসকরা শুধু চিকিৎসা পরিমেবা প্রদান করেন না। সামাজিক কাজেও চিকিৎসকদের ভূমিকা রয়েছে। আজ আগরতলা জগন্নাথবাড়ি রোডস্থিত ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন, ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে আয়োজিত হৈছে রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন চিকিৎসকদের একটি পুরাতন সংগঠন। এই সংগঠন চিকিৎসকদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের পাশাপাশি সমাজসেবামূলক বিভিন্ন কাজেও যুক্ত রয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা চিকিৎসকদের উদ্দেশ্যে বলেন, তারা যেন নিজেদের পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি মানুষের জন্য কাজ করেন। তাহলেই কর্মজীবনের পরিপূর্ণতা ও মানব জীবনের সার্থকতা পাওয়া যাবে। রক্তদান শিবিরের আয়োজন করায় মুখ্যমন্ত্রী উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। তিনি রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন। সংস্থার পক্ষ থেকে রক্তদাতাদের শংসাপত্র প্রদান করা হয়। মুখ্যমন্ত্রী রক্তদাতাদের হাতে শংসাপত্র তুলে দেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডা. সঞ্জিব দেববর্মা, ধন্যবাদজ্ঞাপন করেন ডা. বাসব ঘোষ। উপস্থিতি ছিলেন ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন রাজ্য শাখার সভাপতি ডা. এস. এম. আলি। শিবিরে ২০ জন রক্তদান করেন।

\*\*\*\*\*